

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫।

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.২০০.০৪৬.০০.০০.০৪২.২০১১-১২০১

তারিখঃ ৩০/০১/২০১১খ্রিঃ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩১তম বিসিএস পরীক্ষার মাধ্যমে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারে ২১০৮ টি পদে নিয়োগ সংক্রান্ত বিজ্ঞাপন ২৬-১-২০১১ তারিখে কমিশন জারি করেছে, যা ইতোমধ্যে বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। বিজ্ঞাপনে উল্লিখিত সোনালী ব্যাংকের নির্ধারিত ৩০টি শাখায় আবেদনপত্র (BPSC Form-1) পাওয়া যাবে। প্রার্থীদের একপাতার OMR Readable আবেদনপত্রে (BPSC Form-1) দরখাস্ত করতে হবে। BPSC Form-1 পূরণের নির্দেশাবলী অনুযায়ী পূরণকৃত আবেদনপত্র প্রয়োজনীয় কাগজপত্রসহ ৬৪টি জেলার জেলা প্রশাসকের দফতরে জমা দিতে হবে। কমিশনের প্রধান কার্যালয় বা কোন আঞ্চলিক কার্যালয়ে আবেদনপত্র জমা গ্রহণ করা হবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ২৮-২-২০১১ তারিখ সোমবার বিকাল ৫.০০ টা পর্যন্ত। ৩১তম বিসিএস পরীক্ষা-২০১১ এর বিজ্ঞাপন কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইট-এ পাওয়া যাবে। ৩১তম বিসিএস পরীক্ষার প্রার্থীদের আবেদনপত্র জমাদানের সময় জেলা প্রশাসকের দফতরের কাউন্টার থেকে প্রাথমিক কুটিনির পর তাৎক্ষণিকভাবে প্রবেশপত্র দেয়া হবে। আবেদনপত্র জমাদানের শেষ ১০ দিন জমাদানের কাউন্টারে দীর্ঘ লাইন এবং প্রচলিত ভিড় হওয়ার সম্ভাবনা থাকবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ সমূহে দীর্ঘ লাইন এবং প্রচলিত ভিড় এড়ানোর জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।



(আ.ই.ম.নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।

নং-৮০.২০০.০৪৬.০০.০০.০৪২.২০১১-১২০১

তারিখঃ ৩০/০১/২০১১খ্রিঃ।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্রিমিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সকল দৈনিক সংবাদ পত্রসমূহে জরুরী ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মাধ্যম সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে। প্রেস বিজ্ঞপ্তির ১০(দশ) টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
- ২। মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হলো।
- ৩। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগরগাঁও, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হলো।



(আ.ই.ম.নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।